

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. নামায ফর্য হওয়ার বর্ণনা।

باب فرض الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ، عَنْ مَالِك، عَنْ عَمِّهِ أَبِي سُهَيْل بْنِ مَالِك، عَنْ أَبِيهِ، أَنَّهُ سَمِعَ طَلْحَةَ بْنَ عُبَيْدِ اللَّهِ، يَقُولُ جَاءَ رَجُلُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مِنْ أَهْلِ نَجْدٍ طَلْحَةَ بْنَ عُبَيْدِ اللَّهِ، يَقُولُ جَاءَ رَجُلُ إِلَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " خَمْسُ صَلَوَات فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ " . قَالَ هَلْ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " خَمْسُ صَلَوَات فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ " . قَالَ هَلْ عَلَى عَيْرُهُنَّ قَالَ " لاَ إِلاَّ أَنْ تَطَّوَّعَ " . قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عليه وسلم صينامَ شَهْدِ رَمَضَانَ قَالَ هَلْ عَلَى عَيْرُهُ قَالَ " لاَ إِلاَّ أَنْ تَطَوَّعَ " . قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم الصَدَقةَ . قَالَ فَهَلْ عَلَى عَيْرُها قَالَ " لاَ إِلاَّ أَنْ تَطَوَّعَ " . قَالَ وَذَكَرَ لَهُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم الصَدَقةَ . قَالَ فَهَلْ عَلَى عَيْرُها قَالَ " لاَ إِلاَّ أَنْ تَطُوّعَ " . فَأَدْبَرَ وَمُعَنَانَ قَالُ هَلا أَزِيدُ عَلَى هَذَا وَلاَ أَنْقُصُ . فَقَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " أَقْلَحَ إِنْ صَدَقَ " .

বাংলা

৩৯১. আবদুল্লাহ্ ইবনু মাসলামা তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ) বলেন, একদা নজদের জনৈক অধিবাসী রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লামের খেদমতে এমতাবস্থায় আগমন করে যে, তার মাথার চুল ছিল উদ্বধৃদ্ধ, তার মুখে বিড়বিড় শব্দ শোনা যাচ্ছিল এবং তার কথাগুলি ছিল অস্পট। এমতাবস্থায় সে নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকটবর্তী হয়ে ইসলাম সম্পর্কে জিজ্ঞাসা করে। জবাবে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ দিবা রাত্রির মধ্যে পাঁচ ওয়াক্ত নামায আদায় করা ফরয। তখন সে ব্যক্তি জিজ্ঞাসা করে, তা ছাড়া তাঁর কিছু করণীয় আছে কি? জবাবে নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ না, যদি তুমি অতিরিক্ত (নফল) কিছু আদায় কর।

রাবী বলেন, অতঃপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম তাঁর নিকট রমযানের রোযার কথা উল্লেখ করেন। তখন সে ব্যক্তি জিজ্ঞাসা করে, এ ছাড়া অধিক কিছু করণীয় আছে কি? জবাবে নবী সাল্লাল্লাহ্ আলাইহি



ওয়াসাল্লাম বলেনঃ না, কিন্তু যদি তুমি অতিরিক্ত কিছু কর। অতঃপর রাস্লুল্লাহ সাল্লালাহ আলাইহি ওয়া সাল্লাম তার জন্য ছদকার (যাকাত) কথা উল্লেখ করেন। তখন সে ব্যক্তি জিজ্ঞাসা করে, এ ছাড়া অতিরিক্ত কিছু দিতে হবে কি? জবাবে তিনি বলেন, না; তবে যদি তুমি অতিরিক্ত কিছু দান কর। অতঃপর লোকটি প্রত্যাবর্তনের সময় বললঃ আল্লাহর শপথ! আমি এর চেয়েে বেশী বা কম করব না। এতদশ্রবণে রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ লোকটি যদি তার কথায় সত্য হয়, তবে সে অবশ্যই কামিয়াব (কৃতকার্য) হল।

English

Talhah b. 'Ubaid Allah said:

A man from among the people of Najd with disheveled hair came to the Messenger of Allah (**). The humming sound of his voice could be heard but what he was saying could not be understood. He came closer and it was then known that he was asking about Islam. The Messenger of Allah (**) said: Five times of prayer each day and night: He asked: Must I observe any more than them? He replied: No, unless you do it voluntarily. He (Talhah) said that the Messenger of Allah (**) mentioned fasting during the month of Ramadan. He asked: Must I observe anything else? He replied: No, unless you do it voluntarily. The Messenger of Allah (**) mentioned Zakat to him. He asked: Must I pay anything else? He replied: No, unless you do it voluntarily. The man then turned away saying: I swear by Allah, I shall not add anything to this or fall short of it. The Messenger of Allah (**) said: The man will be successful if he speaks truth.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন